

## ই-জনতা (i-banking Apps.)

### ০১ সেবার নাম

ই-জনতা (i-banking Apps.)

### ০২ খারনার পরিচিতি

বর্তমানে আমরা আর্থিক পরিষেবা শিল্পের স্বর্ণযুগে আছি। একটি স্বর্ণযুগ গ্রাহকদের জন্য নতুন পরিষেবা, নতুন পণ্য এবং প্রচলিত নিয়মের বাইরে নতুন একটি ধারার প্রবর্তন করে। ঠিক তেমনি আর্থিক পরিষেবার ক্ষেত্রে **i-banking** হল এমন একটি ব্যবস্থা যা একটি **bank** বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান দ্বারা প্রদত্ত পরিষেবা সমূহ (যেমনঃ অন্যান্য অ্যাকাউন্টে অর্থ স্থানান্তর , বিল পরিশোধ, কেনাকাটা ইত্যাদি) একটি স্মার্টফোন বা ট্যাবলেটের মতো মোবাইল ডিভাইস ব্যবহার করে যেকোন স্থান থেকে ২৪/৭ প্রদান করা যায়। এটি কেবল দুতই একটি অত্যাাবশ্যকীয় হয়ে উঠছে না, এটি গ্রাহকদের সাথে আরও ভাল সম্পর্ক/সংযোগ স্থাপন করার একটি বিশাল সুযোগও।

চতুর্থ শিল্প বিপ্লব (4IR) হলো আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং শিল্প ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের একটি চলমান প্রক্রিয়া। 'চতুর্থ শিল্প বিপ্লব' শব্দগুচ্ছ দিয়ে মূলতঃ মানুষের হস্তক্ষেপ ছাড়াই বেশিরভাগ সমস্যা নিরূপণ , সমস্যা বিশ্লেষণ, সমাধান প্রদান ও প্রতিটি ক্ষেত্রে স্বয়ংক্রিয়করণ করা, উন্নত যোগাযোগ এবং স্ব-পর্যবেক্ষণ ব্যবস্থার বাস্তবায়নে সক্ষম স্মার্ট মেশিন তৈরী করার জন্য ব ড আকারে মেশিন-টু-মেশিন যোগাযোগ ( **Machine to Machine or M2M**) এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (**AI**), ইন্টারনেট অব থিংস (**IoT**) ও অন্যান্য প্রযুক্তির অগ্রগতির একটি সংমিশ্রণ। আধুনিক জীবনের জন্য দুত অপরিহার্য হয়ে উঠছে এমন অনেক পণ্য এবং পরিষেবার পিছনে এটি সম্মিলিত শক্তি। প্রযুক্তির এই নিখুঁত অগ্রগতির কারণে, চতুর্থ শিল্প বিপ্লব আমাদের জীবনযাত্রায় রূপান্তরমূলক পরিবর্তনের পথ প্রশস্ত করছে।

বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হও যায়, জনতা ব্যাংক এখন এই আধুনিক প্রযুক্তিগুলোকে খুব ভালোভাবে আয়ত্ত্ব করার চেষ্টা করছে। এই প্রক্রিয়াটিকে সহজ করতে এবং একটি মাইলফলক তৈরি করতে, জনতা ব্যাংকের **eJanata-i-Banking Apps** আমাদের ব্যাংকিং সেক্টরে বৈপ্লবিক পরিবর্তন আনতে পারে।

### ০৩ উদ্দেশ্য

- ❖ যেকোন স্থান থেকে ২৪/৭ ব্যাংকিং পরিষেবা (অর্থ স্থানান্তর, বিল পরিশোধ, কেনাকাটা ইত্যাদি) নিশ্চিত করা।
- ❖ বৃহত্তর এবং উন্নত গ্রাহক পরিষেবা নিশ্চিত করা।
- ❖ ডিজিটাল পেমেন্ট ব্যবস্থা চালু করা।
- ❖ তথ্যের নিরাপত্তা এবং নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা।
- ❖ সহজ হিসাব ব্যবস্থাপনা নিশ্চিত করা।
- ❖ কাগজবিহীন ব্যাংকিং বা গ্রীণ ব্যাংকিং চালু করা।
- ❖ ব্যাংকিং লেনদেন ট্র্যাকিং এবং রিপোর্টিং।
- ❖ যুগপোযোগী আর্থিক ব্যবস্থা চালু ও নিয়ন্ত্রণ করা।
- ❖ **Cross Border**-এ ব্যাংকিং সুবিধা প্রদান করা।
- ❖ অদূর ভবিষ্যতে **Open Banking API** চালু করা।

### ০৪ কর্মপদ্ধতি

- ❖ **Google Play store/Apple Store** থেকে **eJanata Apps** ডাউনলোড করতে হবে।
- ❖ **Apps এ User Registration** এবং **Verification (OTP/email & Biometric)** করতে হবে।
- ❖ যথাযথভাবে **Registration** এবং **Verification** সম্পন্ন হলে ব্যাংকের বিধি মোতাবেক একজন গ্রাহক লেনদেন শুরু করতে পারবেন।




Fig: eJanata Block Diagram (Simplified)

## ই-জনতা (i-banking Apps.)

### ০৫ উপকারিতা/সুফল

- ❖ গ্রাহকরা যে কোন স্থান থেকে যে কোন সময় (৩৬৫x২৪x৭) ব্যাংকিং সুবিধা পাবেন।
- ❖ eJanata এর মাধ্যমে গ্রাহকরা নগদবিহীন লেনদেন করতে পারবেন।
- ❖ ব্যবহারকারীরা টাকা তোলার জন্য এটিএম সনাক্ত করার ব্যামেলা থেকে মুক্ত হবেন।
- ❖ ব্যবহারকারীদের কাজ করার জন্য ভ্রমণ বা নিকটস্থ শাখার সন্ধান করতে হবে না।
- ❖ সরকারী পরিষেবাসমূহ নাগরিকদের মাঝে সহজে পৌঁছে দেয়া যাবে।
- ❖ ব্যাংকের **Operational** খরচ কম হবে।
- ❖ সহজে **Bank** এর ক্লায়েন্টদের নিয়ন্ত্রণ, জবাবদিহিতা, স্বচ্ছতা, অনলাইনে তথ্য এবং পরিষেবার এ্যাক্সেস প্রদান করা যাবে।
- ❖ সর্বোপরি অত্র ব্যাংকের সকল কাস্টমার কে একটি কমন প্ল্যাটফর্মে একত্রিত করা যাবে।
- ❖ ব্যাংকের ডিজিটাল সুবিধা বৃদ্ধি করনের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গঠনে অংশগ্রহন করা যাবে।

### ০৬ বাস্তবায়ন ও পরিচলন ব্যয়

- ❖ eJanata i-Banking Apps টি জনতা ব্যাংকের নিজস্ব প্রোগ্রামারদের দ্বারা উন্নয়নকৃত হওয়ায় ইহার কোন ক্রয় ব্যয় নাই।
- ❖ eJanata- i-Banking Apps টি পরিচালনার জন্য আলাদাভাবে সার্ভার, নেটওয়ার্ক ডিভাইস এবং স্টোরেজ ক্রয় করতে হবে।

### ০৭ বাস্তবায়ন সময়কাল

ডিসেম্বর, ২০২২।

### ০৮ সুবিধাভোগীর ব্যয়

ইন্টারনেট ডাটা এবং লেনদেনের জন্য প্রচলিত ব্যাংকিং চার্জ/কমিশন।

### ০৯ সম্প্রসারণের সুযোগ

সকল রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানে প্রয়োজনীয় Update/Modification-পূর্বক এ্যাপ্লিকেশনটি ব্যবহার করা যাবে।

### ১০ সম্ভাব্য ঝুঁকি

#### ➤ সাইবার নিরাপত্তা হুমকি

- ❖ মোবাইল ফোন চুরি এবং হ্যাকিং।
- ❖ নকল মোবাইল ব্যাংকিং অ্যাপ।
- ❖ “Keylogging” malware যা Mobile এর অন্যান্য অ্যাপে লুকানো থাকে।
- ❖ Trojan overlays যা একটি transaction কে misdirect করতে পারে।
- ❖ অন্যান্য (যেমনঃ Manipulated texts and calls, Phishing, SIM swaps ইত্যাদি)